

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

বিষয়: স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের অক্টোবর ২০১৭ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি : আঃ গাফফার খান, যুগ্ম-সচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ,
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৩৩২, ভবন নং-৩)।
তারিখ ও সময় : ১২.১০.২০১৭ খ্রিঃ, বিকালঃ ১০:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত।

উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভাপতি অক্টোবর, ২০১৭ মাসের ইনোভেশন সভার কার্যক্রম শুরু করেন। তিনি ২২ অক্টোবর ২০১৭ মন্ত্রিপরিষদ আহত ইনোভেশন শোকসিং কর্মশালায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার গুরুত্ব তুলে ধরে জানান যে, মাঠ পর্যায়ে কর্মকর্তাগণ কর্তৃক গৃহীত নাগরিক সেবায় উদ্ভাবনী উদ্যোগসমূহ যাচাই বাছাই-এর জন্য মন্ত্রণালয়/বিভাগ ও তার আওতাধীন অধিদপ্তর/সংস্থার উদ্যোগের আয়োজিত ইনোভেশন শোকসিং কর্মশালায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করার লক্ষ্যে আগামী ২২ অক্টোবর ২০১৭ তারিখে দুপুর ২:০০ টায় মন্ত্রিপরিষদ কক্ষে একটি বিশেষ সভা অনুষ্ঠিত হবে। সংযুক্ত প্রজেক্টেমন টেমপ্লেট অনুযায়ী সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সিনিয়র সচিব/সচিব অথবা তার উপযুক্ত প্রতিনিধি মন্ত্রণালয়ের/বিভাগের সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করবেন। তিনি স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধিকে মন্ত্রিপরিষদ প্রেরিত প্রজেক্টেশনের ছকটি পূরণ করে দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণের আহবান জানান।

গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে জনাব মো: লুৎফর রহমান, উপসচিব (মনিটরিং ও সমন্বয়) সভার কার্যবিবরণী পাঠ করেন। গত সভার কার্যবিবরণী পাঠ শেষে সর্বসম্মতিক্রমে বিনা সংশোধনীতে তা দৃঢ়ীকরণ করা হয়।

০২. রেপ্লিকেশন বাস্তবায়ন: সভাপতি রেপ্লিকেশন বাস্তবায়নের উপর জোর তাগিদ দেন। গত ১২ জানুয়ারী ২০১৭ সালে অনুষ্ঠিত শোকসিং ওয়ার্কশপে গৃহীত সিদ্ধান্ত মোতাবেক নির্বাচিত দুটি প্রকল্প- সরকারি হাসপাতালে বহিঃবিভাগে সেবা সহজীকরণ (বাস্তবায়নকারী কর্মকর্তা: ডাঃ এ কে এম শামসুদ্দিন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উজিরপুর, বরিশাল) এবং কমিউনিটিতে মা ও শিশুর স্বাস্থ্য সেবার মাধ্যমে মা ও শিশুর মৃত্যুর হার কমানো (বাস্তবায়নকারী কর্মকর্তা: ডাঃ গোপেন্দ্রনাথ আচার্য, সাবেক উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পুটিয়া, রাজশাহী) সারাদেশে মাঠ পর্যায়ে বাস্তবায়নের জন্য সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি কর্মপরিকল্পনা সভা আগামী ২২ অক্টোবর ২০১৭ তারিখের আগে আহবানের নির্দেশনা প্রদান করেন। উক্ত সভায় অধিদপ্তরের মহাপরিচালকগণ, ইনোভেশন টিমের সদস্য এবং ইনোভেটরগণ উপস্থিত থাকবেন। সভায় উপজেলা বাছাই চূড়ান্ত করা হবে। রেপ্লিকেশন বাস্তবায়নে চ্যালেঞ্জসমূহ- আর্থিক, আইনগত, সক্ষমতা এবং আমলাতান্ত্রিক জটিলতা ইত্যাদি বিষয় আলোচনাপূর্বক দূর করে দ্রুত বাস্তবায়ন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

০৩. শোকসিং ওয়ার্কশপ: সভাপতি নতুন শোকসিং ওয়ার্কশপ আয়োজনের পুনরায় তাগিদ দেন। বিভিন্ন জেলা থেকে প্রকল্পের তালিকা সংগ্রহ করতে হবে। সংগৃহীত প্রকল্পগুলো হতে বাছাই করে গ্রহণযোগ্য একটি নতুন প্রকল্পের তালিকা তৈরী করতে হবে। প্রয়োজনে প্রকল্পের তালিকা প্রধানমন্ত্রীর দপ্তর থেকেও সংগ্রহ করা যেতে পারে। উক্ত তালিকায় গত ১২ জানুয়ারী ২০১৭ তারিখের অনুষ্ঠিত শোকসিং-এ অনির্বাচিত প্রকল্পগুলোর ত্রুটিবিদ্যুতি দূর করে পুনরায় অন্তর্ভুক্ত করার নির্দেশনা প্রদান করেন। হার্ডকপি ও সফটকপি প্রেরণের জন্য তিনি জেলাগুলোতে পত্র প্রেরণের অনুরোধ করেন। অধিদপ্তরগুলোকে চলতি মাসের মধ্যে শোকসিং ওয়ার্কশপ আয়োজনের জন্য বাছাইকৃত প্রকল্পের নতুন তালিকা মন্ত্রণালয়ে প্রেরণে জন্য অনুরোধ জানান। তিনি উপসচিব (মনিটরিং ও সমন্বয়) কে সচিব মহোদয়ের সভাপতিত্বে স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন অধিদপ্তর/দপ্তর প্রধান, ইনোভেশন টিমের সদস্য এবং ইনোভেটরদের সমন্বয়ে অক্টোবরের মধ্যে একটি শোকসিং প্রস্তুতি সভা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। উক্ত সভায় ইনোভেটরগণ তাদের প্রকল্পগুলোর কার্যক্রম উপস্থাপন করবেন।

০৪. মাসিক সভা: জনাব মো: লুৎফর রহমান, উপসচিব (মনিটরিং ও সমন্বয়) ও সদস্য, ইনোভেশন টিম আগত অধিদপ্তর/দপ্তরসমূহের প্রতিনিধিবৃন্দকে নিয়মিত ইনোভেশন টিমের মাসিক সভা অনুষ্ঠান ও সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেন। অধিদপ্তর/দপ্তরসমূহের মাসিক ইনোভেশন টিমের সভা অনুষ্ঠিত হয়েছে এবং সভার কার্যবিবরণী শীঘ্রই মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে মর্মে জানান।

০৫. ২/৫ দিনের প্রশিক্ষণঃ জনাব জনাব মোঃ লুৎফর রহমান, উপসচিব (মনিটরিং ও সমন্বয়) ও সদস্য, ইনোভেশন টিম জানান, গত ২৭ সেপ্টেম্বর ২০১৭ তারিখে ২৩৩ নং স্মারকে ৫দিনের প্রশিক্ষণ আয়োজনের ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মানবসম্পদ বিভাগকে পত্র প্রেরণ করা হয়। কিন্তু গত ২৬.০৯.২০১৭ অক্টোবর ২০১৭ তারিখে ৪০৩ নং স্মারকে পত্র মারফত মানবসম্পদ বিভাগ প্রশিক্ষণ আয়োজনে অপারগতা প্রকাশ করে। সভাপতি প্রশাসন-৪ কে বাংলাদেশ ইনস্টিটিউট অব এডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট-এ ৫ (পাঁচ) দিনের প্রশিক্ষণ আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা দেন।

০৬. মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তাগণ কর্তৃক গৃহীত উদ্ভাবনী উদ্যোগ পর্যালোচনা:

ডাঃ মোঃ জালাল হোসেন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দাউদকান্দি, কুমিল্লা “উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নরমাল ডেলিভারী বৃদ্ধি করা” বিষয়ে প্রজেক্টেশন উপস্থাপন করেন। তিনি বিদ্যমান সেবাদান পদ্ধতিতে অধিকাংশ গর্ভবতী মা প্রত্যেক চক্রের দ্বারা প্রাইভেট প্রতিষ্ঠানে অথবা ডাক্তার বা নার্সের অভাবে স্বাভাবিক প্রসব না করিয়ে সিজারিয়ান প্রসব করান। এতে করে নরমাল ডেলিভারীর থেকে সিজারিয়ান ডেলিভারি বেশি হয়। গর্ভবতী মায়েদের ডাটাবেজ তৈরি। এসএমএস এর মাধ্যমে ANC সার্ভিসের জন্য অবহিতকরণ। এসএমএস এর মাধ্যমে নিরাপদ প্রসবের নিশ্চয়তা প্রদান করা হবে। গর্ভবতী মা হাসপাতালে আসার সাথে সাথে ANC এবং স্বাভাবিক প্রসব সেবা পাবে। ফলে স্বাভাবিক প্রসব বৃদ্ধি পাবে এবং সময়, খরচ কমে যাবে মর্মে জানান।

ডাঃ মাহমুদুর রাশেদ, উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা জনগণের অংশগ্রহণে দুর্গম অঞ্চলে স্বাস্থ্যসেবা নিশ্চিত করার বিষয়ে প্রজেক্টেশন উপস্থাপন করেন। তিনি জানান বিদ্যমান অবস্থায় সেবাদাতার ইচ্ছা মাফিক কর্মস্থলে গড়হাজির থেকে অবহেলার মনোভাব নিয়ে সেবাগ্রহীতাকে সেবা প্রদান। ফলে সেবা গ্রহীতার ভোগান্তি চরম আকার ধারণ করে। তিনি সেবাদাতার কর্মস্থলে উপস্থিতি নিশ্চিত করে উপজেলার চেয়ারম্যানের সাথে পরামর্শক্রমে কমিউনিটি সাপোর্ট কমিটি গঠনের মাধ্যমে স্থানীয় পর্যায়ে তহবিল সংগ্রহ করে সাধারণ ও দুস্থ-হতদরিদ্রের জন্য সেবা নিশ্চিত করা। বিশেষ করে গর্ভবতী ও শিশুর জীবন রক্ষার্থে সহজ যাতায়াত ব্যবস্থা (নৌ এ্যাম্বুলেন্স, সড়ক এ্যাম্বুলেন্স) গড়ে তোলা। রাজনীতিবিদ ও বিভিন্ন পেশাজীবীদের সাথে বৈঠকের মাধ্যমে আস্থার পরিবেশ তৈরি করে তাদের স্বাস্থ্য সেবা সহজ করা। এতে সময় খরচ উভয় কমবে।

ডাঃ মোঃ মহিউদ্দিন, সহকারী পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর রোগীদের সেবা সত্ত্বষ্টির জন্য আউটডোর সেবা সহজীকরণ বিষয়ে প্রজেক্টেশন উপস্থাপন করেন। হেল্প ডেস্ক, সেপারেট টিকেট কাউন্টার এবং সেপারেট ট্রিটমেন্ট কর্নার না থাকার কারণে সেবা গ্রহীতার সেবা নিতে দেরি হয় এবং বারবার আসা যাওয়া করতে হয়। ফলে সেবাগ্রহীতা আর্থিক ভাবে ক্ষতিগ্রস্ত হয়, সময়ের অপচয় হয়, চিকিৎসা প্রাপ্তিতে বিলম্ব হয় এবং শেষ পর্যন্ত চিকিৎসা সেবা থেকে বঞ্চিত হয়। হেল্প ডেস্ক, সেপারেট টিকেট কাউন্টার এবং সেপারেট ট্রিটমেন্ট কর্নার এবং মনিটরিং সিস্টেম স্থাপনের মাধ্যমে সেবা দ্রুত ও সহজীকরণ করা যাবে। ফলে সময় খরচ ও যাতায়াতে পরিমাণ কমে যাবে।

০৭. সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

- ০৭.১: স্বাস্থ্য সেবা বিভাগের অধীন দপ্তরসমূহকে প্রতিমাসে নিয়মিত ইনোভেশন সংক্রান্ত মাসিক সভা করতে হবে এবং কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;
- ০৭.২: এইচআরডি অপারগতা প্রকাশ করলে প্রশাসন-৪ কে বাংলাদেশ ইনস্টিটিউট অব এডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট-এ ৫ (পাঁচ) দিনের ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে;
- ০৭.৩: বিভিন্ন জেলা থেকে প্রকল্পের নাম সংগ্রহ করে একটি নতুন তালিকা তৈরী করতে হবে। উক্ত তালিকায় গত শোকেসিং-এ অনির্বাচিত প্রকল্পগুলোর ত্রুটিবিচ্যুতি দূর করে পূণরায় অন্তর্ভুক্ত করতে হবে।
- ০৭.৪: ২২ অক্টোবর, ২০১৭ পূর্বে নির্বাচিত প্রকল্প দুটি রেল্লিকেশনের জন্য সচিব, স্বাস্থ্য সেবা বিভাগের সভাপতিত্বে এবং মহাপরিচালকগণ ও দুই ইনোভেটরের সমন্বয়ে সভা আহ্বান করতে হবে;
- ০৭.৫: অক্টোবর, ২০১৭ মাসে শোকেসিং ওয়ার্কশপের জন্য ইনোভেটরদের সমন্বয়ে একটি সভা আয়োজন করতে হবে;
- ০৭.৬: সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ-কে মন্ত্রণালয়ের আন্তরীণ Human Resource সংক্রান্ত Database Software প্রস্তুত করতে হবে;
- ০৭.৭: দর্শনার্থীদের সেবা সহজীকরণের জন্য স্বাস্থ্য সেবা বিভাগের আওতায় একটি হেল্প ডেস্ক গঠন করতে হবে।

০৮. আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত: ২৪.১০.২১৭

(আঃ গাফফার খান)

যুগ্ম-সচিব (প্রশাসন)

সভার কার্যবিবরণী সদয় অগতিও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হল:

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপসচিব, প্রশাসন-৩ (কাউন্সিল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা
২. ইনোভেশন অফিসার, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, বা/এ, ঢাকা
৩. উপসচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা ও বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা
৪. উপসচিব, মানবসম্পদ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
৫. উপসচিব (ক্রেয় ও সংগ্রহ-১/২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা
৬. জনাব মো: মিজানুর রহমান, উপসচিব, ডোমেইন স্পেসমালিস্ট, এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
৭. উপপ্রধান (স্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
৮. সিনিয়র সহকারী সচিব, নার্সিং-১ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
৯. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
১০. জনাব অশোক বিশ্বাস, কনসালটেন্ট, ক্যাপাসিটি ডেভেলপমেন্ট, এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
১১. ইনোভেশন অফিসার (স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর), ঢাকা
১২. ইনোভেশন অফিসার (স্বাস্থ্য অর্থনীতি ইউনিট), তোপখানা রোড, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
১৩. ডা: কমল রতন সাহা, সিভিল সার্জন (ভারপ্রাপ্ত), সিলেট
১৪. ডা: মো: মহিউদ্দিন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফটিকছড়ি, চট্টগ্রাম
১৫. ডা: মাহমুদুর রশিদ, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মনপুরা, ভোলা
১৬. ডা: মো: জালাল হোসেন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দাউদকান্দি, কুমিল্লা
১৭. ইনোভেশন অফিসার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা
২৩. ইনোভেশন অফিসার, টেমো, মহাখালী, ঢাকা

সদয় অবগতির জন্য:

১. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাপকম, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
২. অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
৩. যুগ্মসচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসারের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা

(মো: লুৎফুর রহমান)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৩৬২

ই-মেইল-monitor@mohfw.gov.bd